



নেপালের সরকার ও জনগণকে প্রধানমন্ত্রীর শুভেচ্ছা



প্রধানমন্ত্রী তারেক রহমান। ছবি: সংগৃহীত

নেপালে শান্তিপূর্ণ ও সুষ্ঠুভাবে সংসদ নির্বাচন সম্পন্ন হওয়ায় দেশটির সরকার ও জনগণকে অভিনন্দন জানিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। গণআন্দোলনের পর আয়োজিত এই নির্বাচনকে তিনি নেপালের গণতান্ত্রিক অগ্রযাত্রার গুরুত্বপূর্ণ মাইলফলক হিসেবে উল্লেখ করেন।

সোমবার (৯ মার্চ) রাতে নিজের ভেরিফায়েড ফেসবুক পোস্টে প্রধানমন্ত্রী বলেন, ৫ মার্চ অনুষ্ঠিত নির্বাচনে জনগণের সক্রিয় অংশগ্রহণ ও শান্তিপূর্ণ পরিবেশ গণতন্ত্রের প্রতি নেপালের মানুষের আস্থা ও দৃঢ়তার প্রমাণ। একই সঙ্গে এটি দেশটির গণতান্ত্রিক প্রতিষ্ঠানগুলোর সক্ষমতাও তুলে ধরে।

তিনি আরও জানান, দীর্ঘদিনের বন্ধুত্বপূর্ণ সম্পর্কের ধারাবাহিকতায় বাংলাদেশ নতুন সরকারের সঙ্গে ঘনিষ্ঠ সহযোগিতা বাড়াতে আগ্রহী। পারস্পরিক উন্নয়ন ও আঞ্চলিক স্থিতিশীলতায় দুই দেশ একসঙ্গে কাজ করবে বলেও আশা প্রকাশ করেন তিনি।

LENS ASIA